NEW YORK STATE | Office for People With Developmental Disabilities




# ঘটনা এবং তদন্ত সম্পর্কে মৌলিক তথ্য








(866) 946-9733 | NY রিলে সিস্টেম 711

www.opwdd.ny.gov

# ঘটনা এবং তদন্ত সম্পর্কে মৌলিক তথ্য

## বিষয়বস্তু

সুরক্ষার প্রতি OPWDD-এর প্রতিশ্রুতি ........ 5

চার ধরনের ঘটনা ........ 6

রিপোর্টিং ........ 8

পরিবার এবং আইনজীবিকে জানানো ........ 9

তথ্য অনুরোধ করা ........ 9

ঘটনার তদন্ত করা ........ 12

কোনও ঘটনা ঘটলে কার্যকারী আইনজীবি হিসেবে কাজ করা ........ 12

ভবিষ্যতে এইরকম ঘটনা যাতে না ঘটে তা নিশ্চিত করতে একসাথে কাজ করা ........ 13


Capital One
Bank
OFF

## সুরক্ষার প্রতি OPWDD-এর প্রতিশ্রুতি

OPWDD-এর লক্ষ্য হল বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের সমৃদ্ধ জীবনযাপনে সহায়তা করা। এই লক্ষ্য পূরণের একটি গুরুত্বপূর্ণ অংশ হল লোকজনকে ক্ষতি থেকে রক্ষা করা। OPWDD-এ বিস্তারিত প্রবিধান আছে, আর এই প্রবিধান অনুসারে বিকাশগত প্রতিবন্ধিতা সহ নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ সহায়তা ও পরিষেবার ব্যবস্থা করা হয় এবং পরিষেবার গুণমান ধারাবাহিকভাবে পরীক্ষা করা হয় এবং তা উন্নত করার জন্য নিয়মিত তদারকি করা হয়। আশংকা হলে, OPWDD এবং এনওয়াইএস জাস্টিস সেন্টার ফর দ্য প্রোটেকশন অফ পিওপল উইথ স্পেশাল নিডস, ঘটনার পর্যোলোচনা এবং সংশোধনমূলক কাজের জন্য কঠোর প্রোগ্রাম পরিচালনা করে, এটি অসুরক্ষিত পরিস্থিতি সুরক্ষিত করতে, লোকজনের অভিজ্ঞতা এবং নিরাপত্তা উন্নত করতে সাহায্য করে।

নিউ ইয়র্ক কোডস, রুলস অ্যান্ড রেগুলেশন পার্ট 624 এর টাইটেল 14 এর শর্ত অনুসারে, কোনও ব্যক্তির নির্যাতন, অবহেলা, দুর্ব্যবহার, আঘাত বা ওষুধ দেওয়া সংক্রান্ত ত্রুটির মতো উদ্বেগজনক ঘটনার অভিজ্ঞতা হলে, কিছু প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এটির জন্য প্রয়োজন:

- এনওয়াইএস জাস্টিস সেন্টারে নির্দিষ্ট কিছু ঘটনা রিপোর্ট করা
- OPWDD-এ ঘটনা রিপোর্ট করা
- তাৎক্ষণিক পরিচর্যা এবং সুরক্ষা প্রদান করা
- ঘটনার তদন্ত করা
- একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি এড়াতে ব্যবস্থা নেওয়া
- ভবিষ্যতে একই ধরনের ঘটনা যাতে তা নিশ্চিত করতে পদ্ধতি এবং কর্মীদের ট্রেইনিংয়ের ব্যবস্থা করা

## চার ধরনের ঘটনা

OPWDD নিম্নলিখিত চার ধরনের ঘটনার প্রতিষ্ঠা করেছে:

*রিপোর্ট করা যাবে এমন নির্যাতন এবং অবহেলার ঘটনা*
শারীরিক, যৌন, মনস্তাত্ত্বিক নির্যাতন এবং অন্যান্য অনুমতিহীন আচরণ যেমন বিধিনিষেধ এবং অবহেলা সংক্রান্ত নিয়মের ইচ্ছাকৃতভাবে অনুপযুক্ত ব্যবহার

*রিপোর্ট করা যাবে এমন গুরুত্বপূর্ণ ঘটনা*
ভুল ওষুধ দেওয়ার মতো ঘটনা যার ফলে প্রতিকূল প্রভাব পড়ে, নি:সঙ্গতা, দুর্ব্যবহার, নিখোঁজ ব্যক্তি এবং চোকিং

*গুরুতর উল্লেখযোগ্য ঘটনা*
সংবেদনশীল পরিস্থিতি এবং মৃত্যুর ঘটনা

*সামান্য তবে উল্লেখযোগ্য ঘটনা*
আঘাত পাওয়ার মতো ঘটনা, যার জন্য ফার্স্ট এইড পর্যাপ্ত নয়, সাধারণ চিকিৎসা বা দন্ত চিকিৎসার প্রয়োজন হয়, এতে অন্তর্ভুক্ত চুরি এবং আর্থিক শোষণ

***দ্রষ্টব্য:*** *মাঝে মাঝে, কোনও ঘটনা সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া গেলে, সেই ঘটনাকে পুনরায় শ্রেণীবদ্ধ করা হতে পারে।*


Oh là

## রিপোর্টিং

সব পরিষেবাকে OPWDD-এ রিপোর্ট করতে হবে:

- রিপোর্ট করা যাবে এমন নির্যাতন এবং অবহেলার ঘটনা
- রিপোর্ট করা যাবে এমন গুরুত্বপূর্ণ ঘটনা
- গুরুতর উল্লেখযোগ্য ঘটনা

এছাড়া, প্রদানকারীকে সামান্য কিন্তু উল্লেখযোগ্য ঘটনা এবং কোনও সম্ভাব্য ক্ষতিকর পরিস্থিতি যা রিপোর্ট করার মত এমন গুরুতর হবে না বা একটি গুরুতর উল্লেখযোগ্য ঘটনা সম্পর্কে জানতে হবে।

***OPWDD সার্টিফাইড এবং এর দ্বারা অপারেট করা প্রোগ্রামে, রিপোর্ট করার উপযুক্ত নির্যাতন এবং অবহেলার ঘটনা এবং রিপোর্ট করার উপযুক্ত গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে, সেটি জাস্টিস সেন্টার এবং OPWDD-এ করতে হবে।***

**নির্যাতন বা অবহেলা সম্পর্কে রিপোর্ট করা**

নির্যাতন বা অবহেলার মত পরিস্থিতি সম্পর্কে রিপোর্ট করতে, আপনি এই সব জায়গায় যোগাযোগ করতে পারেন:

- যে পরিষেবা প্রদানকারী এজেন্সি ব্যক্তিকে সহায়তা করছে, বা
- OPWDD-এ ইনসিডেন্ট ম্যানেজমেন্ট ইউনিটে সাধারণ কর্মসময়ে, 518-473-7032 নম্বরে এবং কর্মসময়ের বাইরে 1-888-479- 6763 নম্বরে, বা
- নির্যাতন, অবহেলা এবং গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে রিপোর্ট করতে এনওয়াইএস জাস্টিস সেন্টারের 24 ঘন্টা চালু থাকা হটলাইন, 1-888-373- 2122 নম্বরে কল করুন।

## পরিবার এবং আইনজীবিকে জানানো

জোনাথনস ল এবং OPWDD-এর পার্ট 624 প্রবিধানের শর্ত অনুসারে কোনও ঘটনা ঘটার সাথে সাথেই **যোগ্য পার্টিকে টেলিফোনে বিজ্ঞপ্তি** পাঠাতে হবে। যোগ্য পার্টিতে অন্তর্ভুক্ত:

- যে ব্যক্তি পরিষেবা উপভোগ করছেন
- তাদের আইনি অভিভাবক বা পিতামাতা, জীবনসঙ্গী, প্রাপ্তবয়স্ক শিশু বা প্রাপ্তবয়স্ক ভাইবোন যাদের কাছে ক্লিনিক্যাল রেকর্ড অ্যাক্সেস করার প্রাধিকার আছে। (মেন্টাল হাইজিন আইন সেকশন 33.16)

ঘটনা সম্পর্কে আলোচনা করার জন্য এইসব পার্টিকে এজেন্সির ডাইরেক্টর বা তাদের মনোনীত ব্যক্তির সাথে মিটিং করার সুযোগ দিতে হবে।

এছাড়া, পার্ট 624 প্রবিধান অনুসারে, যে ব্যক্তি যোগ্য পার্টির মানদণ্ড পূরণ করেন না, তবে এমন কোনও ব্যক্তির আইনজীবি (কখনো কখনো করেসপন্ডেন্ট হিসেবে উল্লেখ করা হয়) হিসেবে কাজ করছেন যিনি পরিষেবা উপভোগ করছেন, তাকে সব ঘটনা সম্পর্কে জানাতে হবে।

একজন আইনজীবিও যোগ্য ব্যক্তি হতে পারেন, তবে তারা যদি উপরে উল্লিখিত যোগ্য ব্যক্তির মানদণ্ড পূরণ করেন তবেই।

উইলোব্রুক ক্লাসের সদস্যদের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তির জন্য অতিরিক্ত পদ্ধতি তৈরি করা হয়েছে।

## তথ্য অনুরোধ করা

একজন যোগ্য ব্যক্তি বা আইনজীবিকে কোনও ঘটনার বিজ্ঞপ্তি পাঠানো হলে, প্রাথমিক রিপোর্ট সম্পূর্ণ হওয়ার 10 দিনের মধ্যে তাকে অটোমেটিক রিপোর্ট অন অ্যাকশন টেকেন (OPWDD ফর্ম 148) স্বয়ংক্রিয়ভাবে পাঠানো হবে।

একজন যোগ্য ব্যক্তি এবং আইনজীবিকে কোনও ঘটনার বিজ্ঞপ্তি পাঠানো হলে, তিনি ঘটনা রিপোর্ট করা পরিষেবা প্রদানকারীকে লিখিত অনুরোধ (চিঠি বা ইমেল) জমা দিয়ে কোনও ঘটনার প্রাথমিক রিপোর্ট (OPWDD 147) পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন।

| কে কে অনুরোধ করতে পারেন | তারা কী কী তথ্যের জন্য অনুরোধ করতে পারেন | দেওয়া হলে |
|---|---|---|
| **যোগ্য ব্যক্তি, আইনজীবি** | ঘটনার রিপোর্টের সংশোধিত কপি (ফর্ম OPWDD 147) | লিখিত (চিঠি বা ইমেল) অনুরোধের ভিত্তিতে |
| **যোগ্য ব্যক্তি, আইনজীবি** | রিপোর্ট অন অ্যাকশন টেকেনের সংশোধিত কপি (ফর্ম OPWDD 148) | প্রাথমিক রিপোর্ট সম্পূর্ণ হওয়ার 10 দিনের মধ্যে |
| **যোগ্য ব্যক্তি** | অতিরিক্ত তথ্যের নিয়ন্ত্রিত কপি:<br>• তদন্তের রিপোর্ট<br>বা<br>• তদন্তের সম্পূর্ণ রিপোর্ট | লিখিত অনুরোধের ভিত্তিতে (চিঠি বা ইমেল):<br>ঘটনা ঘটার 21 দিনের মধ্যে বা<br>ঘটনাটি আগেই শেষ হয়ে গেলে, অনুরোধ করার 21 দিনের মধ্যে |

জোনাথনস ল (মেন্টাল হাইজিল আইন 33.25)-এর আওতায়, একজন যোগ্য ব্যক্তি, রিপোর্ট করার উপযুক্ত এমন নির্যাতন এবং অবহেলা সংক্রান্ত ঘটনা এবং গুরুত্বপূর্ণ ঘটনা বিষয়ক অতিরিক্ত রেকর্ড অনুরোধ করতে পারেন। পরিষেবা প্রদানকারী এজেন্সিকে লিখিতভাবে অনুরোধ করতে হবে। আইনজীবিদের কাছে এই তথ্য অ্যাক্সেস করার অধিকার নেই। সব পরিষেবা প্রদানকারীকে, পরিষেবা উপভোগকারী কোনও ব্যক্তি (ঘটনায় সরাসরি জড়িত ব্যক্তি ছাড়া অন্য কোনও ব্যক্তি) বা কর্মীর নাম বা শনাক্তকারী তথ্য সংশোধন করতে হবে নাম মুছে দিতে হবে।

***মনে রাখবেন:*** *কোনও ঘটনাকে পুনরায় শ্রেণীবদ্ধ করা হলে, ঘটনার চূড়ান্ত শ্রেণীবিভাগ অনুযায়ী তথ্য প্রদান করা হবে।*

কোনও যোগ্য ব্যক্তিকে, রিপোর্ট করা যাবে এমন ঘটনা (নির্যাতন এবং অবহেলা, গুরুত্বপূর্ণ ঘটনা) সংক্রান্ত রেকর্ড প্রদান করতে অস্বীকার করা হলে, তারা যোগাযোগ করতে পারেন:
OPWDD Incident Records Appeals Officer
44 Holland Avenue
Albany, NY 12229



## ঘটনার তদন্ত করা

প্রতিটি ঘটনা (অন্তর্ভুক্ত ঘটনাক্রম) সম্পূর্ণভাবে তদন্ত করতে হবে।

তদন্তের মাধ্যমে বিভিন্ন ধরনের তথ্যসূত্র থেকে তথ্য সংগ্রহ করে রিপোর্ট তৈরি করা হবে।

এছাড়া, নির্যাতন ও অবহেলার অভিযোগ সংক্রান্ত তদন্তে, বিবেচনা করা হবে অভিযোগগুলি সম্পূর্ণভাবে প্রামাণিক তথ্যের ভিত্তিতে "প্রতিপাদিত" না "প্রতিপাদিত নয়।"

এজেন্সির ইনসিডেন্ট রিভিউ কমিটি ঘটনাটি পর্যালোচনা করে, আর নিশ্চিত করে যেন তদন্তটি সঠিকভাবে সম্পন্ন হয়, প্রয়োজন হলে ঘটনার পুনরাবৃত্তি এড়াতে অতিরিক্ত ব্যবস্থা নিতে হবে কিনা তা নির্ধারণ করে।

## কোনও ঘটনা ঘটলে কার্যকারী আইনজীবি হিসেবে কাজ করা

বিকাশগত প্রতিবন্ধিতা আছে এমন ব্যক্তিরা যাতে তাদের মনের কথা বলতে পারেন সেজন্য পরিবার এবং বন্ধু-বান্ধবের পক্ষসমর্থন খুবই গুরুত্বপূর্ণ।
ঘটনা সম্পর্কিত আশংকা এজেন্সির ডাইরেক্টর বা তাদের মনোনীত ব্যক্তির সাথে আলোচনা করতে হবে। OPWDD-সার্টিফাইড প্রোগ্রামে ঘটা নির্যাতন বা অবহেলা নিয়ে তদন্ত চলার সময়, আইনজীবিরা মেন্টাল হাইজিন সার্ভিসেস (MHLS) থেকে সহায়তা পেতে পারেন। এছাড়া, প্রসেস সম্পর্কে প্রশ্ন থাকলে আইনজীবিরা OPWDD-এর ইনসিডেন্ট ম্যানেজমেন্ট ইউনিটের সাথে যোগাযোগ করতে পারেন, তবে তদন্ত চলাকালীন নির্দিষ্ট কিছু তথ্য প্রদানের ক্ষেত্রে সীমাবদ্ধতা আছে।

**কোনও তদন্ত সংক্রান্ত প্রশ্ন বা আশংকা থাকলে কার সাথে যোগাযোগ করতে হবে**

- পরিষেবা প্রদানকারী এজেন্সির ডাইরেক্টর
- মেন্টাল হাইজিন লিগ্যাল সার্ভিস – https://nycourts.gov/ad3/mhls
- OPWDD-এর ইনসিডেন্ট ম্যানেজমেন্ট ইউনিট – 518-473-7032

## ভবিষ্যতে এইরকম ঘটনা যাতে না ঘটে তা নিশ্চিত করতে একসাথে কাজ করা

উপযুক্ত সার্ভিস প্ল্যান তৈরি করতে, যোগ্য পার্টি, আইনজীবি, কেয়ার ম্যানেজার, পরিষেবা উপভোগকারী লোকজন এবং পরিষেবা প্রদানকারী এজেন্সিকে একসাথে কাজ করতে হবে যাতে যথাযাথভাবে সাধারণ মানুষের সেবা করা যায় এবং তাদের সুরক্ষিত রাখা যায়।
তাদের সুরক্ষা বা নির্দিষ্ট হস্তক্ষেপ নিয়ে আলোচনা করতে হবে যা প্রয়োজন হতে পারে। ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা করার সময় এইসব আলোচনা করতে হবে বা আশংকা হলেই এটি করতে হবে। আলোচনায় সম্ভাব্য আবদানকারী বিষয়গুলি পর্যালোচনা করতে হবে, যেমন:

- ব্যক্তির দৈনিক এবং সাপ্তাহিক শিডিউল
- ব্যক্তির ব্যবহার এবং স্বভাবে কোনও পরিবর্তন
- শারীরিক স্বাস্থ্য বা হাউজিন সংক্রান্ত উদ্বেগ
- ক্লিনিক্যাল বা মেডিক্যাল ইন্টারভেনশন যা উপযোগী হতে পারে
- ব্যক্তির তত্ত্বাবধানের স্তর
- স্টাফ ট্রেইনিং
- যে পরিবেশ বা পরিস্থিতিতে জীবনযাপন করা হচ্ছে তার অবস্থা

**ঘটনা এবং তদন্ত সংক্রান্ত আরও তথ্য পেতে, অনুগ্রহ করে, OPWDD-এর ওয়েবসাইট দেখুন www.opwdd.ny.gov/providers/incident-management**

## দ্রষ্টব্য

আরও তথ্যের জন্য OPWDD ওয়েবসাইট দেখুন:

**www.opwdd.ny.gov**

A publication of NYS OPWDD Communications Office, 44 Holland Ave., Albany, NY 12229

**(866) 946-9733 | NY রিলে সিস্টেম 711**

047_3_12_2024